



বাহুবলে প্রশ্ন ফাঁসের অপরাধে মাদ্রাসা শিক্ষকের কারাদণ্ড

প্রকাশ : ০৯ ফেব্রুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

হবিগঞ্জ প্রতিনিধি

হবিগঞ্জের বাহুবলে দাখিল পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোনের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস করার অপরাধে এক শিক্ষককে দুই বছরের কারাদণ্ড দিয়েছে আদালত। বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় ওই শিক্ষককে কারাগারে প্রেরণ করা হয়েছে। এর আগে দুপুরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রফিকুল ইসলাম ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তার বিরুদ্ধে এ দণ্ডদেশ প্রদান করেন। দণ্ডপ্রাপ্ত শিক্ষক রকেট উদ্দিন বাহুবল উপজেলার মিরপুর দাখিল মাদ্রাসার শিক্ষক হিসেবে কর্মরত। বাহুবল মডেল খানার ওসি মো. মাসুক আলী জানান, বৃহস্পতিবার সকাল ১০টায় বাহুবল ডিগ্রি কলেজ কেন্দ্রে প্রবেশ করেন শিক্ষক রকেট উদ্দিন। যদিও তিনি এ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কেউ নন। সংরক্ষিত প্রশ্নপত্রের কক্ষে প্রবেশ করে মোবাইল ফোনের মাধ্যমে প্রশ্নপত্র বাইরে সরবরাহের সময় দায়িত্বপ্রাপ্তরা তাকে আটক করেন। তার নিকট থেকে ২টি মোবাইল ফোন জব্দ করা হয়। এগুলো যাচাই বাছাই এবং পরবর্তীতে সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে মোবাইল কোর্টে উল্লেখিত সাজা প্রদান করা হয়। অপরদিকে এসএসসি পরীক্ষা চলাকালে মিরপুর দাখিল মাদ্রাসা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহারের মাধ্যমে নকল করার দায়ে ৭ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।
